# ইসলামপুর উপজেলা পরিষদের ফেব্রুয়ারী ২০২২ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এস. এম. জামাল আব্দুন নাছের
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।

সভার তারিখ ও সময় : ১৭ ফেব্রুয়ারি ২০২২; সকাল ১১.০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ হলরুম

উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'ক' এবং অনুপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হলো।

উপজেলা পরিষদ মাসিক সভায় উপস্থিত ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান, উপস্থিত সকল বিভাগীয় কর্মকর্তা, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং কমিটির অন্যান্য সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভার কার্যক্রম পরিচালনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হয়। সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। **গত সভার কার্যবিবরণী অনুমোদনঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | সিদ্ধান্ত বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয়। | পাঠান্তে কোন বিষয়ে আপত্তি না থাকায় এবং কোন সংযোজন বা বিয়োজনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল |

২। **বিভাগীয় কার্যক্রমের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

| | | |
|---|---|---|
| **স্বাস্থ্য বিভাগ**<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, ২৮৮ টি টিকা কেন্দ্রে চালু আছে। স্বাস্থ্যকর্মীরা বাড়ী বাড়ী গিয়ে টিকা দেয়ার জন্য লোকজন খোঁজা হচ্ছে। ১৮ বছর বয়সের উর্ধ্বে সকলকে নির্ধারিত যে কোন স্থানে গিয়ে টিকা গ্রহণ করতে পারবে এবং ১২ থেকে ১৭ বছর পর্যন্ত কিশোর-কিশোরীদের উপজেলা পরিষদ অডিটরিয়ামে এসে টিকা গ্রহণ করতে হবে। এছাড়া আগামী ১৯ ফেব্রুয়ারী ২০২২ হতে ২৬ ফেব্রুয়ারি ২০২২ পর্যন্ত প্রতিটি ইউনিয়নে ৩ টি সুবিধাজনক স্থানে টিকা প্রদান করা হবে। আগামী ২৬ ফেব্রুয়ারী ২০২২ খ্রিঃ তারিখে উন্মুক্তভাবে টিকা প্রদান করা হবে। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয়। | স্বাস্থ্য বিধি মেনে আগামী সভায় যথাসময়ে উপস্থিতসহ ও সভার পূর্বেই কার্যপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইসলামপুর |
| **প্রকৌশল বিভাগ**<br>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পে দক্ষতা বৃদ্ধি জন্য প্রস্তাবিত ৭(সাত) টি উপ-প্রকল্প প্রকল্প কার্যালয় হতে অনুমোদন সহ বাস্তবায়নের জন্য অগ্রিম হিসেবে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। দ্রুত সময়ের মধ্যে উক্ত প্রকল্পসমূহ বাস্তবায়ন করা হবে।<br>তিনি আরও জানান উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলরুম | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও নোয়ারপাড়া ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণের জন্য ডিপিপি'তে অন্তর্ভূক্ত করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, ইসলামপুর, জামালপুর।<br>ও<br>সংশিষ্ট সকল |
| **কৃষি বিভাগ**<br>উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, চলমান রবি মৌসুমে ১৬.৯০০ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ সম্পন্ন হয়েছে। ফেব্রুয়ারী মাসের ৩৪৯৯ মেট্টন ইউরিয়া সারের বরাদ্দ পাওয়া গিয়েছে এবং উত্তোলিত হচ্ছে। রাসায়নিক সারের পর্যাপ্ত মজুদ রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার ইসলামপুর, জামালপুর। |
| **প্রাণি সম্পদ বিভাগ**<br>উপজেলা প্রাণি সম্পদ অফিসার সভায় জানান, জানুয়ারি, ২০২২ মাসে ৭৬২ টি কৃত্রিম প্রজনন, ২৫৫ টি বাছুর উৎপাদন হয়। টিকাদান কর্মসূচিতে ১০৩০৪ টি গবাদি পশু ও ১৫৭০০ টি হাঁস-মুরগী টিকা প্রদান করা হয়। ২৪১৫টি গবাদি পশু ও ২০২২৯ টি হাঁস-মুরগীকে চিকিৎসা প্রদান করা হয় এবং ৫৮ জন খামারি কে প্রশিক্ষণ প্রদান করা হয়। ২৫০৩৫/-টাকা টীকাবীজ ও ২২৮৬০/- টাকা কৃত্রিম প্রজনন বাবদ জমা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |



CamScanner

| | | |
|---|---|---|
| ...পজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ মাসে ...স্যচাষীকে কাপ জাতীয় মিশ্রচাষ প্রযুক্তি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা ...হ। ২৫ জন মৎস্যচাষীকে অফিসে ও মাঠে গিয়ে প্রযুক্তিগত পরামর্শ প্রদান ...া হয়েছে। ইসলামপুর উপজেলায় ২ টি বিল নার্সারী স্থাপন করা হবে, কোন বিলে নার্সারী স্থাপনের পকুকুর থাকলে উপজেলা মৎস্য অফিস বরাবর প্রস্তাব দেওয়ার জন্য অনুরোধ করা হলো। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **পরিবার পরিকল্পনা বিভাগ**<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, জানুয়ারি/২২ মাসের অর্জন, ক) স্থায়ী পদ্ধতি (মহিলা) = ১১ জন, পুরুষ ০১ জন, খ) আই ইউডি = ২৬ জন, গ) ইমপ্লান্ট = ৮১ জন, ঘ) ইসিপি ১০ জন, ঙ) কন্ডম, ২৪৭৬৬ পিচ, চ) আপন (বড়ি) ৪২৫ জন চক্র, ছ) খাবার বড়ি (সুখী) ১৫৯৮২ চক্র, জ) ইনজেকশন ১৫৩৪ ভায়াল, মিসোপ্রোস্টল ১২৪। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে স্থান নির্বাচন কমিটি কর্তৃক স্থান নির্ধারণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>ইসলামপুর,জামালপুর। |
| **দুর্যোগ ও ত্রাণ বিভাগ**<br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, টি.আর কাবিখার ১ম পর্যায়ে প্রকল্পের কাজ শেষ পর্যায় ২য় পর্যায়ের ৬০ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। ৪টি মুজিব কেল্লার প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| **সমাজ সেবা বিভাগ**<br>উপজেলা সমাজসেবা অফিসার সভায় জানান যে, বয়স্ক ভাতা প্রতিস্থাপনের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজ সেবা অফিসার |
| **শিক্ষা বিভাগ**<br>উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ে বার্ষিক পরীক্ষা বন্ধ থাকায় স্কুল ভিত্তিক মুল্যায়ন পরীক্ষা হয়েছে। গত ১ জানুয়ারি ২০২২ তারিখে উৎসব মুখর পরিবেশ বিতরণ করা হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **মাধ্যমিক শিক্ষা বিভাগ**<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে, তবে অনলাইন কার্যক্রম চালু আছে। শিক্ষার্থীদের টিকাদান কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ইসলামপুর, জামালপুর।<br>ও সংশ্লিষ্ট সকল |
| **মহিলা বিষয়ক বিভাগ**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, ২০১৬-২০১৭ অর্থ বছরের দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর" আওতায় উপকারভোগীদের মাঝে সোনালী ব্যাংক, ইসলামপুর শাখা, জামালপুর এর মাধ্যমে বিতরণ হচ্ছে। ইতোমধ্যে অত্র উপজলোর ১২ টি ইউনিয়নের মধ্যে ০৯(নয়) টি ইউনিয়নের (কুলকান্দি, বেলগাছা, চিনাডুলী, নোয়ারপাড়া, সাপধরী, নোয়ারপাড়া,ইসলামপুর, পাথর্শী, গাইবান্ধা ও চরপুটিমারী) ভাতাভোগীদের মধ্যে বিতরণ কার্য সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ০৩ (তিন) টি ইউনিয়নের (পলবান্ধা, গোয়ালেরচর ও চরগোয়ালিনী) ভাতাভোগীদের মাঝে ভাতা বিতরণ চলমান রয়েছে। তিনি আরও জানান যে, মহিলাদের আয়বর্ধক কর্মসুচি (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের ১৩তম ব্যাচ (জানুয়ারি/২২ হতে মার্চ/২০২২ মেয়াদে প্রশিক্ষণ চলছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করা জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ইসলামপুর, জামালপুর |



CamScanner

| | | |
|---|---|---|
| **[illegible] বিভাগ**<br>[illegible]ুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, ফেব্রুয়ারি/২২ মাসের যুব ঋণ [illegible] ২,৪৯,৮৪৭/- টাকা এবং আদায় হয়েছে ২,৪৭,৭৪২/- টাকা। [illegible]য়ের হার ৯৯%। যুব ঋণ বিতরণ ও প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। [illegible]গামী মাসে এক সপ্তাহ ব্যাপি নকশিকাথাঁ বিষয়য়ে প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য একটি ব্যাচ চুড়ান্ত প্রক্রিয়াধীন আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ**<br>সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় জানান যে, ফেব্রুয়ারি/২০২২ ইসলামপুর উপজেলার চলমান উন্নয়নমূলক কাজের মধ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৫টি ওয়াশব্লক নির্মাণধীন, ০৪ টি ওয়াশব্লক প্রক্রিয়াধীন, ইসলামপুর পৌরসভা পানি সরবরাহ ও স্যানেটেশন প্রকল্পের কাজ চলমান । এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী উন্নয়ন বিভাগ**<br>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) মাধ্যমে ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম চলমান আছে। ঋণ আদায় সন্তোস জনক। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **সমবায় বিভাগ**<br>উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলার ১১৪ টি প্রাথমিক সমবায় সমিতির মধ্যে ২০২০-২১ অডিট বর্ষে ৪০ টি সমিতির অডিট সম্পাদন করা হয়েছে। বাকী সমিতিগুলো অডিট সম্পাদন যথাসময়ে শেষ হবে। অডিট সম্পাদনের সময়সীমা ৩১ শে মার্চ/২০২২খ্রিঃ। তিনি আরও জানান যে, সমবায়ীদের নিয়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ বছরে লক্ষমাত্রা ৪টি। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় অফিসার<br>ইসলামপুর, জামালপুর। |
| **বন ও পরিবেশ অধিদপ্তর**<br>ফরেস্টার, বন ও পরিবেশ বিভাগ সভায় জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের তালিকামতে বিনামূল্যে চারা বিতরনের কাজ চলমান। এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, বন বিভাগ হতে ১ থেকে ২ ফুট সাইজের চারা বিতরণ করা হয় চারা সাইজ ছোট হওয়ায় রোপনে পর ছাগলে খেয়ে ফেলে ফলে চার রোপনে কোন কাজে আছে না। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বড় সাইজের চার বিতরণের উদ্যোগ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ফরেস্টার, বন ও পরিবেশ অধিদপ্তর,<br>ইসলামপুর, জামালপুর। |
| **বিদ্যুৎ বিভাগ**<br>ডিজিএম, জামালপুর পল্লী বিদ্যুৎ সমিতি সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ<br>ইসলামপুর, জামালপুর। |
| **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক**<br>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ইসলামপুর, জামালপুর। |
| **পল্লী সঞ্চয় ব্যাংক**<br>শাখা ব্যবস্থাপক জানান যে, ইসলামপুর উপজেলায় ১২ টি ইউনিয়নে পল্লী সঞ্চয় ব্যাংক এর ৩৮৮ টি সমিতির ১৮৬০৮ জন সদস্য রয়েছে। ফেব্রুয়ারি ২০২২ মাসে ৭,১২,০০০/- টাকা সঞ্চয় জমা হয়, ১,৮৩,২১,০০০/- টাকা ঋণ আদায় হয় ও ২,১৮,২৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ১,৬৪,০০০/- টাকা সঞ্চয় উত্তোলন করা হয়, মোট ১,৯০,৩৩,০০০/- মোট জমা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | স্বাস্থ্য বিধি মেনে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>ইসলামপুর, জামালপুর। |

**৩। ১৭ কমিটি পুনঃগঠনঃ**

| | | |
|---|---|---|
| -- | -- | -- |



CamScanner

বিধি আলোচনা ও পর্যালোচনাঃ

| | | |
|---|---|---|
| | -- | -- |

। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর আলোচনাঃ

| | | |
|---|---|---|
| -- | -- | -- |

৬। উপজেলা পরিষদের আয়-ব্যয় হিসাবের উপর আলোচনা ঃ

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, গত ০১/০২/২০২২ তারিখে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলে ৩৯,৯৮,৬৩৬/২০ (উনচল্লিশ লক্ষ আটানব্বই হাজার ছয়শত ছত্রিশ টাকা বিশ পয়সা) এবং উপজেলা পরিষদ উন্নয়ন তহবিলে ৫৭,৫৭,৯৬৩/- (সাতান্ন লক্ষ সাতান্ন হাজার নয়শত তেষট্টি) টাকা স্থিতি রয়েছে। দাপ্তরিক প্রয়োজনে উপজেলা রাজস্ব তহবিল এবং উন্নয়ন তহবিল ব্যবহারিক নির্দেশিকা মোতাবেক নিম্নোক্ত ব্যয় সম্পাদিত হয়েছে। | উপজেলা পরিষদের দাপ্তরিক প্রয়োজনে সম্পাদিত ব্যয় সমূহ উপস্থিত সদস্যগণের সর্বসম্মত ভোটে অনুমোদিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |

| ক্রঃ নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের জানুয়ারি/ ২০২২ মাসের সম্মানিভাতা প্রদান | ৯৪০০০.০০ |
| ০২ | উপজেলা পরিষদের দৈনিক ভিত্তিতে নিয়োজিত ২ (দুই) জন কর্মচারীর জানুয়ারি/২০২১ মাসের বেতন | ২১৯০০.০০ |
| ০৩ | উপজেলা পরিষদ মাসিক সভা ও উপজেলা নির্বাহী অফিসের আপ্যায়ন ও উপজেলা পরিষদের অন্যান্য আপ্যায়ন বাবদ ব্যয় | ৩৮০০০.০০ |
| ০৪ | উপজেলা পরিষদ আনুষাঙ্গিক ব্যয় বাবদ | ৫০০০.০০ |

৮। বিবিধ ঃ

| | | |
|---|---|---|
| ক) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, ইসলামপুর উপজেলা পরিষদে কর্মরত জনাব মোঃ সুমন মন্ডল, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ বেলাল উদ্দিন, গাড়ী চালক কর্তৃক চাকরী ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড পাওয়ার জন্য আবেদন করেছেন। জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ৭ নং অনুচ্ছেদের (১) উপ-ধারায় কোন স্থায়ী কর্মচারী পদোন্নতি ব্যতিরেকে একই পদে ১০(দশ) বৎসর পূর্তিতে এবং চাকরী সন্তোষজনক হওয়া সাপেক্ষে, স্বয়ংক্রিয়ভাবে ১১তম বৎসরে পরবর্তী উচ্চতর গ্রেডে বেতন প্রাপ্য হইবেন। এর প্রেক্ষিতে ইসলামপুর উপজেলা পরিষদে কর্মরত জনাব মোঃ সুমন মন্ডল, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ বেলাল উদ্দিন, গাড়ী চালক, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুকে চাকরী ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রদান করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে ইসলামপুর উপজেলা পরিষদে কর্মরত জনাব মোঃ সুমন মন্ডল, সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও জনাব মোঃ বেলাল উদ্দিন, গাড়ী চালক এর চাকরী ১০(দশ) বছর পূর্তিতে উচ্চতর গ্রেড প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ইসলামপুর, জামালপুর। |
| খ) চেয়ারম্যান, বেলগাছা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, চরমন্নিয়া, মন্নিয়া, বরুল ও জিগাতলা এলাকা পল্লী বিদ্যুৎতের আওতায় প্রায় ২০ হাজার গ্রাহক আছে। উক্ত এলাকার জনগণের সুবিধার্থে বরুল এলাকায় একটি বিদ্যুৎতে সাব-স্টেশন স্থাপনসহ বিদ্যুৎ বিল প্রদানের সুযোগ সৃষ্টি করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | আলোচনান্তে চরমন্নিয়া, মন্নিয়া, বরুল ও জিগাতলা এলাকার জনগণের সুবিধার্থে বরুল এলাকায় একটি বিদ্যুৎতে সাব-স্টেশন স্থাপনসহ বিদ্যুৎ বিল প্রদানের জন্য অফিস স্থাপন করার জন্য যথাযথ কর্তৃপক্ষের বরাবর পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট সকল |
| গ) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদ ভবনের পানির পাম্পটি নষ্ট হয়েছে ও পানির লাইনের সমস্যা আছে। উক্ত পানির পাম্পটি মেরামতসহ পানির লাইন সংস্কার করা প্রয়োজন। এ বাবদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় হবে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ পানির পাম্প ও লাইন মেরামত বাবদ ২৫,০০০/- ও সিসি ক্যামেরা মনিটর ক্রয় বাবদ | সংশ্লিষ্ট সকল |



CamScanner

| | | |
|---|---|---|
| জানান যে, উপজেলা পরিষদের সিসি ক্যামেরা একটি মনিটর নষ্ট ... একটি মনিটর ক্রয় করা প্রয়োজন। এ বাবদ ১৫,০০০/- (পনের ...কা ব্যয় হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ১৫,০০০/- টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে সর্বসম্মতিক্রমে ব্যয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর সভায় জানান যে, ...জেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলরুমটি ঠিকাদানের নিকট বুঝিয়ে নেয়ার পর হলরুমটি রক্ষণাবেক্ষণের জন্য ভাড়া প্রদান করা যেতে পারে। হলরুমটির ভাড়া নির্ধারণ করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসার ১(এক) দিনের জন্য ৮০০০/- (আটহাজার) টাকা নির্ধারণ করার জন্য সভায় প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ১। আলোচনান্তে উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়ামটি প্রতি ১(এক) দিনে জন্য ৮০০০/- (আট হাজার) টাকা ভাড়া সর্বসম্মতিক্রমে নির্ধারিত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ |
| ঙ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ সভায় জানান যে, উপজেলা পরিষদ চত্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি মুরাল নির্মাণ করা প্রয়োজন। তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের নবনির্মিত অডিটরিয়ামের ব্যবস্থাপনার জন্য অডিটরিয়ামটির অভ্যন্তরে থাকার তিনটি রুম আবাসিক রুমে পরিগণিত করে রুম তিনটি ভাড়ার (ব্যাচেলর অফিসার/কর্মকর্তা) প্রদানের মাধ্যমে আয়ের ব্যবস্থা করা। যা অডিটরিয়াম পরিচালনা ব্যয় নির্বাহ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।<br>এছাড়া অডিটরিয়ামের দুই পাশের দোতলায় একটি ক্যাফেটরিয়া নির্মাণের জন্য সভায় প্রস্তাব করা হয়। | ১। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি মুরাল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। উপজেলা পরিষদের নবনির্মিত অডিটরিয়ামের ব্যবস্থাপনার জন্য অডিটরিয়ামটির অভ্যন্তরে থাকার তিনটি রুম আবাসিক রুম হিসেবে ভাড়া প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। অডিটরিয়ামের পূর্ব পার্শ্বের দোতলায় একটি ক্যাফেটরিয়া নির্মাণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জামাল আব্দুন নাছের)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ইসলামপুর, জামালপুর।

স্মারকনং-৪৬.৪৫.৩৯২৯.০০০.০৬.৪৩.২০-

তারিখঃ ৪ ফাল্গুন ১৪২৮ / ১৭ ফেব্রুয়ারি ২০২২

বিতরণ সদয় অবগতি/কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, ১৩৯, জামালপুর-২।
২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৫। মেয়র, ইসলামপুর পৌরসভা, ইসলামপুর, জামালপুর।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইসলামপুর, জামালপুর।
৭। উপজেলা ............................................অফিসার (সকল), ইসলামপুর, জামালপুর।
৮। অফিসার ইন-চার্জ, ইসলামপুর থানা, ইসলামপুর, জামালপুর।
৯। চেয়ারম্যান,................................ (সকল) ইউপি, ইসলামপুর, জামালপুর।
১০। অফিস কপি।

(মোঃ রোকনুজ্জামান খান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
ইসলামপুর, জামালপুর।



CamScanner